

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২২" পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি	ড. মো: হুমায়ুন কবীর সচিব
সভার তারিখ	১৯ জুলাই ২০২২
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং- ৯৩০)
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা- "পরিশিষ্ট- ক"।

সভাপতি সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতীয় শোক দিবসটি যথাযথ মর্যাদার সাথে পালন উপলক্ষে কর্মসূচি গ্রহণের জন্য আলোচনা শুরু করেন। তিনি আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ সভাকে অবহিত করার জন্য যুগ্মসচিব (প্রশাসন-১)-কে অনুরোধ করেন।

০২। যুগ্মসচিব (প্রশাসন-১) সভায় জানান, প্রতিবছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় পালিত হয়ে থাকে। জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৭.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে। বিগত বছরেও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয় এ দিবসটি পালন করেছে। "জাতীয় শোক দিবস ২০২২" যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে।


০৩। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৪) সভায় "জাতীয় শোক দিবস ২০২২" পালন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত কার্যবিবরণীতে উল্লিখিত গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ সভাকে অবহিত করেন। রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে এবং এর অধীনস্থ দপ্তরসমূহে কি ধরনের কর্মসূচি গ্রহণ করতে পারে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র:নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে/তত্ত্বাবধায়নে
১.	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়েসহ অধস্থান সকল দপ্তরসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে।	১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। ২. সরকারি রেল পরিদর্শক জিআইবিআর।
২.	(ক) আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১০:০০ টায় রেলভবনস্থ বঙ্গবন্ধু কর্ণারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। (খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলে সুবিধাজনক সময়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে।	১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। ২. যুগ্মসচিব (প্রশাসন-১) রেলপথ মন্ত্রণালয়। ৩. সরকারি রেল পরিদর্শক জিআইবিআর।
৩.	"জাতীয় শোক দিবস ২০২২" যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন উপলক্ষে আগামী ০১ আগস্ট ২০২২ তারিখ হতে "বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমান রেল জাদুঘর" মিটারগেজ কোচ চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে এবং ব্রডগেজ কোচ টুঞ্জিপাড়া রেলওয়ে স্টেশনে জনসাধারণের জন্য প্রদর্শনের ব্যবস্থা করা হবে।	১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। ২. এডিজি (আরএস) বাংলাদেশ রেলওয়ে।
৪.	কেন্দ্রীয় কর্মসূচি ও রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলসহ অধস্থান অফিসসমূহ নিজস্ব কর্মসূচি প্রণয়ন করবে। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এ বিষয়ে যথাযথ নির্দেশনা প্রদান করবেন।	মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।

৫.	আরএনবি (রাজশাহী ও চট্টগ্রাম) জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণসহ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের ব্যবস্থা নিবে।	১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। ২. সিসিআরএনবি (পূর্ব/পশ্চিম), বিআর।
৬	বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন ধর্মীয় উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।	মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।
৭.	রেলওয়ে হাসপাতালে বিশেষ খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে।	মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।
৮.	রেলভবনে দুটি ডপ ডাউন ব্যানার প্রদর্শনের ব্যবস্থাসহ দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ ফেস্টুন দিয়ে রেলভবনসহ অধস্থান অফিসসমূহ সজ্জিত করা হবে।	মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।
৯.	আগামী ০৮ আগস্ট ২০২২ তারিখে ফলো-আপ সভা আয়োজন করা হবে।	যুগ্মসচিব (প্রশাসন-১) রেলপথ মন্ত্রণালয়।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মো: হুমায়ুন কবীর
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৯.২৩.০১৬.১৯.১৫৪

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৯

১৯ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
- ২) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, গুলশান, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
- ৫) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে
- ৬) সরকারি রেল পরিদর্শক (জিআইবিআর), রেলপথ পরিদর্শন অধিদপ্তর
- ৭) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী
- ৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
- ৯) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



মীর আলমগীর হোসেন
উপসচিব